



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

১ম জাতীয় যুব উৎসব-২০১৮ অনুষ্ঠিত



কনজ্যুমার ইউথ-জগন্নাথ বিশ্ববিদ্যালয়, শুভসংঘ (জেবি শাখা) এবং এলসিডব্লিউ'র-এর যৌথ উদ্যোগে '১ম জাতীয় যুব উৎসব-২০১৮' ১৭ এপ্রিল-২০১৮, মঙ্গলবার, সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। যুব উৎসব আয়োজনে ছিল প্রশিক্ষণ, সম্মাননা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। প্রধান আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন বিশিষ্ট কথা সাহিত্যিক ও দৈনিক কালের কণ্ঠ পত্রিকার সম্পাদক ইমদাদুল হক মিলন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট অভিনেতা এটিএম শামসুজ্জামান, লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন ও কনজ্যুমার ইউথ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University



কনজ্যুমার ইউথ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আশিকুর রহমান (সাদ)-এর সভাপতিত্বে এবং কনজ্যুমার ইউথ, জবি শাখার ছাত্র উপদেষ্টা আবদুল মালেক-এর সঞ্চালনায় আরো বক্তব্য প্রদান করেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক শামছুল কবির, ঢাকা প্রেস কাবের সহ-সভাপতি মোবারক হোসেন ফরাজী, কনসার্স কনজ্যুমার্স সোসাইটির সেক্রেটারি পলাশ মাহমুদ।

অনুষ্ঠানে মুক্তিযুদ্ধে বীরবিক্রম খেতাব প্রাপ্ত একমাত্র ক্রিকেটার আব্দুল হালিম চৌধুরি জুয়েল এবং ভাষা শহীদ রফিকউদ্দিন আহমদ-কে মরণোত্তর সম্মাননা প্রদান করা হয়। বিগত বছরে ভোক্তা অধিকার নিয়ে যেসকল সদস্য সফলভাবে কাজ করেছেন এমন দশ জনকে যুব সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কনজ্যুমার ইউথ সদস্য, শুভসংঘ জবি শাখার সদস্য ও এলসিডব্লিউ-এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।